# মা আসছে

পার্বতী রায়

মায়ের আসার জন্য তাকিয়ে আছি!
এক পলকের একটু ফাঁকও যেন অনেক বেশি মনে হয়!
কাশের বন তিরতির করে বাড়ছে।
চির সবুজ পাওনা গন্ডামিটিয়ে নেবে নদী।
নদীর শরীর জলঢালা।

আলোর কুজন দেখে মনে হয় মা সত্যিই আসছে।
কাগজের ফুল জলের ওপর নৌকোনিয়ে মা টুপটাপ...
সবকিছুতেই মা ছড়িয়ে আছে।
শহরের বুক শপিংমলের অস্থির মানসিকতা এরকমই
কতোকিছু বলে যায় রোজ আসা-
যাওয়ার ফাঁকে ফাঁকে।

# প্রিলিউড

উদয় সাহা

রক্ত নিকানো দাওয়া। কাশের আকিঞ্চন।
চোখে শাসন করে সোজাসাপটা খিদে
লাল হলদে পাতা আকস্মিক আপনজন
নভেলেটটা লেখা হয়েছিল খুব জেদে

পলিথিন মোড়ক। রংপেনসিল ভিনদেশী
শালিক-চড়ুই-ঘুঘু ডাকে ঘুম ভাঙে
কুয়াশা-মেদুর ধূসরতায় প্রতিবেশী

বাড়ি ফিরি রোজ রাস্তায় নামে রাত
পথের মোহে হারিয়ে যায় রুমাল
হলদে বিকেল ঘরে দৌলতাবাদ
ঝগড়াবিহীন বারবেলা সব দামাল

অজানার পথে যাত্রা...সেই শেষ লাইন
(গুঞ্জন ডুবে যায়,মৃদু গুঞ্জন সেই...)
ভুলে গেছি ফ্যান্টাসি জল রং সেই গণেশ পাইন

